

# মেয়র আনিসুল হকের উপর হামলা

প্রকাশিত: ০৮:০৪ এএম, ২৯ নভেম্বর ২০১৫



রাজধানীর তেজগাঁও এলাকার ট্রাক স্ট্যান্ডে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হকের উপর হামলা চালিয়েছে শ্রমিকরা। রোববার পুলিশকে সঙ্গে নিয়ে মেয়র ট্রাক স্ট্যান্ড এলাকা থেকে অবৈধভাবে পাকিং করা ট্রাক সরাতে গেলে শ্রমিকরা এ হামলা চালায়।

এ ঘটনায় একজন গুলিবিদ্ধ হয়েছেন ও বিডিনিউজের আলোকচিত্রী তানভীর আহমেদ সজীব আহত হয়েছেন। তাকে রাজধানীর শমরিতা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তবে মেয়র আনিসুল হক অক্ষত আছেন।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ফাঁকা গুলি ছোড়ে। শ্রমিকরা সাতরাস্তা মোড়ে অবস্থান নিয়েছেন, ফলে ওই এলাকা দিয়ে যান চলাচল বন্ধ আছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার দুপুরে উচ্ছেদ অভিযান চালানোর সময় সাতরাস্তা মোড়ের ট্রাক শ্রমিকরা সিটি কর্পোরেশনের উচ্ছেদকর্মীদের বাধা দেয়। পরে পুলিশের উপস্থিতিতে উচ্ছেদ অভিযান শুরু হয়। এ সময় সিটি কর্পোরেশনের উচ্ছেদকর্মীদের লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ শুরু হলে পুলিশ গুলি ছোড়ে। এতে একজন গুলিবিদ্ধ হন।